# গাজী সালাউদ্দিনকে আবারও সাময়িক অব্যাহতি দিল এনসিপি




গাজী সালাউদ্দিন। ছবি: সংগৃহীত

জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) যুগ্ম সদস্য সচিব গাজী সালাউদ্দিন তানভীরকে আবারও সাময়িকভাবে সাংগঠনিক দায়িত্ব থেকে অব্যাহতি দেওয়া হয়েছে। গুরুতর সাংগঠনিক শৃঙ্খলাভঙ্গ এবং সামাজিক যোগাযোগমাধ্যমে দলের ভাবমূর্তি ক্ষুণ্ন হয় এমন মন্তব্য করার অভিযোগে তার বিরুদ্ধে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে। একই সঙ্গে তাকে কারণ দর্শানোর (শোকজ) নোটিশ দিয়ে দুই কার্যদিবসের মধ্যে লিখিত জবাব দিতে বলা হয়েছে।

শুক্রবার (৩১ জুলাই) রাতে এনসিপির দফতর সেল থেকে গণমাধ্যমে পাঠানো এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। পরে দলটির ভেরিফায়েড ফেসবুক পেজেও নোটিশটি প্রকাশ করা হয়।

নোটিশে উল্লেখ করা হয়, গাজী সালাউদ্দিন তানভীরের বিরুদ্ধে গুরুতর সাংগঠনিক শৃঙ্খলা ভঙ্গ এবং সামাজিক যোগাযোগমাধ্যমে এমন মন্তব্য করার অভিযোগ উঠেছে, যা দলের ভাবমূর্তি ক্ষুণ্ন করেছে। বিষয়টির গুরুত্ব বিবেচনায় কেন্দ্রীয় আহ্বায়ক মো. নাহিদ ইসলাম ও সদস্য সচিব আখতার হোসেনের নির্দেশে তাকে অবিলম্বে সাংগঠনিক দায়িত্ব থেকে সাময়িক অব্যাহতি দেওয়া হয়েছে।

LENS ASIA

এতে আরও বলা হয়, সংগঠনের গঠনতন্ত্র ও শৃঙ্খলা বিধি অনুযায়ী কেন তার বিরুদ্ধে পরবর্তী সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হবে না, সে বিষয়ে প্রয়োজনীয় তথ্য-প্রমাণসহ লিখিত আত্মপক্ষ সমর্থন দুই কার্যদিবসের মধ্যে কেন্দ্রীয় শৃঙ্খলা কমিটির কাছে জমা দিতে হবে।

এর আগে, গত বছরের এপ্রিলে বিভিন্ন অভিযোগের ভিত্তিতে গাজী সালাউদ্দিন তানভীরকে সাময়িক অব্যাহতি দিয়েছিল এনসিপি। তবে পরবর্তীতে অভিযোগ প্রমাণিত না হওয়ায় তাকে আবারও দলে দায়িত্ব ফিরিয়ে দেওয়া হয়েছিল।